



সভাপতি সাধারণ সম্পাদক

**ইবিতে শিক্ষক সমিতির  
 নির্বাচনে প্রগতিশীল  
 প্যানেলের জয়**

**ইসলামী বিশ্ববিদ্যালয় এডিনিবি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষক সমিতির ১৫ সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে-আওয়ামী লীগ সমর্থিত প্রগতিশীল শিক্ষক প্যানেল দুটি সদস্যপদ ছাড়া প্রতিটি পদে জয়লাভ করেছে। নির্বাচন কমিশন সূত্র জানায়, প্রফেসর ড. আব্দুল আযমান চৌধুরী ১৬৪ ভোট পেয়ে সভাপতি এবং ১৬৯ ভোট পেয়ে প্রফেসর ড. হারুন-রশিদ আমকারী সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। এছাড়া প্রফেসর ড. আনন রেজাউল করিম সহ-সভাপতি, প্রফেসর ড. সাহিনুর রহমান মুন্স সাধারণ সম্পাদক ও প্রফেসর ড. মামুনুর রহমান ট্রেজারার পদে নির্বাচিত হয়েছেন। নির্বাচিত সদস্যরা হলেন- প্রফেসর ড. রুহুল কেএম সালেহ, প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, প্রফেসর ড. আনোয়ার হোসেন, প্রফেসর ড. আহসান-উল আযিয়া, প্রফেসর এইচএম আক্তারুল ইসলাম, ড. মাহবুবুল আরফিন, প্রফেসর ড. মিজানুর রহমান, তাসের হাদান আল মাহমুদ। অপরদিকে বিএনপি-জামায়াত প্যানেল থেকে সদস্যপদে নির্বাচিত শিক্ষকরা হলেন- ফখরুল ইসলাম এবং জাহিদুল ইসলাম। এর আগে সোমবার সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ৪২৭নং কক্ষে ভোটগ্রহণ হয়। সন্ধ্যা সাড়ে ৬টায় ফলাফল ঘোষণা করেন নির্বাচন কমিশনার অধ্যাপক মোঃ শোলাইমান হোসেন। জামায়াতের সংবাদে ক্যাম্পাসে অসংগঠিতভাবে বিতরণ মিলিত করে বিশ্ববিদ্যালয় পাঠা ছাত্রলীগ।